

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫৮

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের দুই রাকাত সালাত আদায় করার পর ডান পার্শ্বের উপর শয়ন করা মুস্তাহাব

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ الإضْطِجَاعُ عَلَى الْأَيْمَنِ مِنْ شِقِّهِ بَعْدَ رَكْعَتَى الْفَجْرِ

আরবী

2458 ـ أخبرنا محمد بن عبد اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُرْوَةُ عُلْمَانَ قَالَ: قَالَ مُحَمَّدُ: أَخْبَرَنِي عُرْوَةُ عُلْمَانَ قَالَ: قَالَ مُحَمَّدُ: أَخْبَرَنِي عُرُوةُ بِنُ أَبِي حَمْزَةَ قَالَ: قَالَ مُحَمَّدُ: أَخْبَرَنِي عُرُوةُ بِنُ الزُّبِيْرِ أَنَّ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَكَتَ الْمُؤَذِّنُ بِنُ الزُّبِيْرِ أَنَّ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَكَتَ الْمُؤَذِّنُ الأُوّلِ مِنْ صَلَاةِ الْفَجْرِ بَعْدَ أَنْ يَتَبَيَّنَ لَهُ الْفُجْرُ ثُمَّ اضْطَجَعَ عَلَى شَقِّهِ الْأَيْمَنِ حَتَّى يَأْتِيَهُ الْمُؤَذِّنُ للإقامة.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2458 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ق.

বাংলা

২৪৫৮. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "মুয়ায্যিন যখন ফজরের সালাতের আগে আযান দিয়ে নিশ্চুপ হতেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উঠে ফজরের আগে সুবহে সাদিকের পরে সংক্ষেপে দুই রাকা'আত সালাত আদায় করতেন, তারপর তিনি ডান পার্শ্বের উপর শয়ন করতেন, যতক্ষন না মুয়ায্যিন ইকামত দেওয়ার জন্য তাঁর কাছে আসতো।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ১১৬০; মুয়াত্তা ইমাম মালিক: ১/১২০; দারেমী: ১/৩৩৭; সহীহ মুসলিম: ৭৩৬; নাসাঈ: ৩/২৫২-২৫৩; আবূ দাউদ: ১৩৩৫; তিরমিযী: ৪৪০; বাগাবী: ৮৮৫; সুনান বাইহাকী: ৩/৪৪।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন